# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৭৬

৪২/ জাহান্নামের বিবরণ (كتاب صفة جهنم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জাহান্নাম গহ্বর।

## بَابُ مَا جَاءَ فِي صِفَةِ قَعْرِ جَهَنَّمَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ الْجُعْفِيُّ، عَنْ فُضَيْلِ بْنِ عِيَاضٍ، عَنْ هِشَامٍ، عَنِ الْحَسَنِ، قَالَ قَالَ عُتْبَةُ بْنُ غَزْوَانَ عَلَى مِنْبَرِنَا هَذَا مِنْبَرِ الْبَصْرَةِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ الصَّخْرَةَ الْعَظِيمَةَ لَتُلْقَى مِنْ شَفِيرِ جَهَنَّمَ فَتَهْوِي فِيهَا سَبْعِينَ عَامًا وَمَا تُفْضِي إِلَى قَرَارِهَا " . قَالَ وَكَانَ عُمَرُ يَقُولُ أَكْثِرُوا ذِكْرَ النَّارِ فَإِنَّ حَرَّهَا شَدِيدٌ وَإِنَّ قَعْرَهَا بَعِيدٌ وَإِنَّ مَقَامِعَهَا حَدِيدٌ . قَالَ أَبُو عِيسَى لاَ نَعْرِفُ لِلْحَسَنِ سَمَاعًا مِنْ عُتْبَةَ بْنِ غَزْوَانَ وَإِنَّمَا قَدِمَ عُتْبَةُ بْنُ غَزْوَانَ الْبَصْرَةَ فِي زَمَنِ عُمَرَ وَوُلِدَ الْحَسَنُ لِسَنَتَيْنِ بَقِيَتَا مِنْ خِلاَفَةِ عُمَرَ .

বাংলা

২৫৭৬. আবদ ইবন হুমায়দ (রহঃ) ... হাসান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উতবা ইবন গাযওয়ান (রাঃ) আমাদের এই বসবার মিম্বরে দাঁড়িয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেনঃ জাহান্নামের কিনারা থেকে একটা বিরাট পাথর ফেলা হবে। সত্তর বছর ধরে তা নীচে পড়তে থাকবে কিন্তু স্থির হতে পারে এমন স্থানে গিয়ে পৌছবে না। সহীহ, সহিহাহ ১৬১২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৭৫ [আল মাদানী প্রকাশনী]

উতবা ইবন গাযওয়ান (রাঃ) বলেনঃ উমর (রাঃ) বলতেন, বেশী করে জাহান্নামের স্মরণ করবে। কেননা, এর গরম খুব কঠিন, এর গহ্বর বহু গভীর আর এর প্রহারের চাবুক হবে লোহার। হাসান (রহঃ) সরাসরি উতবা ইবন গাযওয়ান (রাঃ)-এর থেকে শুনেছেন বলে আমাদের জানা নেই। উতবা ইবন গাযওয়ান (রাঃ) উমর (রাঃ)-এর খিলাফতকালে বসরা আগমন করেছিলেন আর (রাঃ)-এর খিলাফতের দুই বছর যখন বাকী তখন হাসান (রহঃ) জন্মগ্রহণ করেন।

## English

Al-Hasan said:
"While he was on the pulpit – the pulpit of Al-Basrah – `Utbah bin Ghazwain narrated that the Messenger of Allah (s.a.w) said: “Indeed a giant rock can be thrown from the brink of Hell and it will continue to fall into it for seventy years without reaching the bottom of it.”.He said: “`Umar used to say:'Increase in your remembrance of the Fire, for its heat is extreme, its bottom is distant, and its whips are of Iron.'”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন